তারিখ 19 FEB 2016
পৃষ্ঠা ২১ কলাম ৫

সমকাল

# স্থগিত হতে পারে কর্মচারী ইউনিয়নের কার্যক্রম

■ সমকাল প্রতিবেদক

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে কর্মচারী ইউনিয়নের কার্যক্রম বন্ধ করা হতে পারে। এ ব্যাপারে শ্রম পরিদপ্তরে চিঠি দিয়েছে বোর্ড। সংগঠনের গঠনতন্ত্র না মেনে বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগ তুলে বোর্ডের কর্মচারী ইউনিয়নের কার্যক্রম স্থগিতের আবেদন জানিয়ে এ চিঠি দেওয়া হয়। ইউনিয়ন নেতাদের অনিয়মের তথ্য-প্রমাণ শ্রম পরিদপ্তরে পাঠানো হয়েছে বলে জানায় শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ।

জানা গেছে, শ্রম পরিদপ্তরে দেওয়া ওই চিঠিতে জানমালের ক্ষতি ও পাবলিক পরীক্ষা বানচালের হুমকির অভিযোগ এনে ব্যবস্থা গ্রহণের আবেদন জানানো হয়। কর্মচারী ইউনিয়নের দুটি বিবদমান গ্রুপের বিরুদ্ধে নিয়োগ প্রক্রিয়ায় বাধা সৃষ্টিরও অভিযোগ আনা হয়। এর আগে বুধবার চকবাজার মডেল থানায় সাধারণ ডায়রি করে বোর্ড। সেখানে জানমালের ক্ষতি ও পাবলিক পরীক্ষা বানচালের হুমকির অভিযোগ এনে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য চকবাজার মডেল থানা পুলিশের সহায়তা চাওয়া হয়। আবেদনের পর ইতিমধ্যে বোর্ডের নিরাপত্তা জোরদার করা হয়েছে। মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ।

**ঢাকা শিক্ষা বোর্ড**

এদিকে, কার্যক্রম স্থগিতের উদ্যোগ প্রসঙ্গে ঢাকা শিক্ষা বোর্ড কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক লোকমান মুন্সী বলেছেন, বোর্ড যদি মনে করে ইউনিয়ন সমস্যা করছে, কার্যক্রম স্থগিত করতে হবে, তাহলে তারা তা করতে পারে।

পছন্দের লোকদের নিয়োগের দাবি তুলে হামলা চালানোর দায়ে মঙ্গলবার কর্মচারী ইউনিয়নের সভাপতি হুমায়ুন কবীরসহ চার নেতাকে সাময়িক বরখাস্ত করা হয়। শোকজ করা হয়েছে সেক্রেটারি লোকমান মুন্সীসহ তিন কর্মচারী নেতাকে।

অন্যদিকে, বোর্ডে বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের ওপর কর্মচারী ইউনিয়ন নেতাদের হামলার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। সমিতির সভাপতি অধ্যাপক নাসরীন বেগম ও মহাসচিব আই কে সেলিম উল্লাহ খোন্দকার অবিলম্বে দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেছেন।